



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/১১

তারিখ : ০১ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬২৯ তম কমিশন সভা অদ্য ১৩/০২/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. আমান কটন ফাইব্রস লিমিটেড (Aman Cotton Fibrous Ltd.) এর প্রায় ৮০ (আশি) কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য বুক বিল্ডিং পদ্ধতিতে ২,০৮,৩৩,৩৩৩ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যুর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে। ২,০৮,৩৩,৩৩৩ টি সাধারণ শেয়ারের মধ্যে ১,২৫,০০,০০০ টি শেয়ার ৪০ (চল্লিশ) টাকা মূল্যে যোগ্য বিনিয়োগকারীর (Eligible Investors) নিকট ইস্যু করা হবে। উল্লেখ্য, যোগ্য বিনিয়োগকারী (Eligible Investors) দ্বারা এক্সচেঞ্জের electronic subscription system এ বিডিং এর মাধ্যমে উক্ত কোম্পানীর শেয়ার প্রতি প্রান্ত (Cut-off) মূল্য ৪০ (চল্লিশ) টাকায় নির্ধারিত হয়েছে। বাকি ৮৩,৩৩,৩৩৩ টি সাধারণ শেয়ার ৩৬ (ছত্রিশ) টাকা মূল্যে (প্রান্ত মূল্য থেকে ১০% বাটায়) সাধারণ বিনিয়োগকারীর (অনিবাসী বাংলাদেশীসহ) নিকট বিক্রয় করা হবে। প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে উত্তোলিত অর্থ যন্ত্রপাতি ও সরঞ্জাম ত্রয়, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত আর্থিক বিবরণী অনুযায়ী যথাক্রমে শেয়ার প্রতি নেট অ্যাসেট ভ্যালু (পুনর্মূল্যায়নসহ) ৩৫.৬৩ টাকা ও শেয়ার প্রতি নেট অ্যাসেট ভ্যালু (পুনর্মূল্যায়ন ছাড়া) ৩২.৩১ টাকা এবং ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ৩.৪৯ টাকা। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ।
২. সভায় কমিশন ১০ (দশ) বছর মেয়াদি 'SEML FBSL Growth Fund'-এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। উক্ত ফান্ডের লক্ষ্যমাত্রা হচ্ছে ১০০ কোটি টাকা। ইতোমধ্যে উদ্যোক্তা 'এফবিএল সিকিউরিটিজ লিমিটেড' কর্তৃক ১০ কোটি টাকা এবং প্রি-আইপিও প্লেসমেন্ট (Pre-IPO)-এর মাধ্যমে ৩৫ কোটি টাকা উত্তোলন করা হয়েছে। বাকি ৫৫ কোটি টাকা সকল বিনিয়োগকারীগণের জন্য বরাদ্দ রাখা হয়েছে যা প্রাথমিক গণপ্রস্তাব (IPO)-এর মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে স্ট্র্যাটেজিক ইকুইটি ম্যানেজমেন্ট লিমিটেড, বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড (বিজিআইসি) এবং ব্র্যাক ব্যাংক লিমিটেড।
৩. (ক) কমিশনের প্রজ্ঞাপন নং SEC/CMRRCD/2009-193/119/Admin/34 তারিখ নভেম্বর ২২, ২০১১ এর বিধান মোতাবেক স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত কোম্পানিসমূহের স্বতন্ত্র পরিচালক (Independent Director) ব্যতীত সকল পরিচালকের জন্য সর্বদা কোম্পানীর পরিশোধিত মূলধনের ২% (দুই শতাংশ) শেয়ার ধারণ বাধ্যতামূলক। কাজেই, স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত কোম্পানিসমূহের স্বতন্ত্র পরিচালক (Independent Director) ব্যতীত যে সকল পরিচালক কোম্পানীর পরিশোধিত মূলধনের ২% (দুই শতাংশ) শেয়ার ধারণ না করে কোম্পানীর পরিচালক হিসাবে দায়িত্ব পালন করছেন, তাদের বিরুদ্ধে অবিলম্বে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- (খ) এছাড়াও, কমিশনের উপরোক্ত প্রজ্ঞাপনের বিধান মোতাবেক স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত যে সকল কোম্পানীর স্পন্সর ও পরিচালকগণ সম্মিলিতভাবে সর্বদা কোম্পানীর পরিশোধিত মূলধনের ৩০% (ত্রিশ শতাংশ) শেয়ার ধারণ করতে ব্যর্থ হয়েছেন, সে সকল কোম্পানীর স্পন্সর ও পরিচালকগণের সম্মিলিতভাবে সর্বদা কোম্পানীর পরিশোধিত মূলধনের ৩০% (ত্রিশ শতাংশ) শেয়ার ধারণ অবিলম্বে নিশ্চিতকরণের লক্ষ্যে একটি নির্দেশনা জারির সিদ্ধান্ত গৃহীত হয়।


মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।